কালের কণ্ঠ

তারিখ: 11 DEC 2015
পৃষ্ঠা: ২ কলাম: ৩

### ডিআইইউর সমাবর্তনে শিক্ষামন্ত্রী

# টিউশন ফি নির্ধারণে বিচক্ষণতার পরিচয় দিন

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষার্থীদের টিউশন ফিসহ বিভিন্ন ব্যয় নির্ধারণে বিচক্ষণতার পরিচয় দিতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, 'বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে সেবার মনোভাব নিয়ে জনকল্যাণে শিক্ষাক্ষেত্রে অবদান রাখতে এগিয়ে আসতে হবে।' এ সময় তিনি জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের সব ধরনের ব্যয় একটি সীমা পর্যন্ত নির্ধারিত রাখারও আহ্বান জানান।

গতকাল বৃহস্পতিবার রাজধানীতে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) তৃতীয় সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ মনোনীত প্রতিনিধি হিসেবে সভাপতিত্বকালে এ আহ্বান জানান। মিরপুরে পুলিশ স্টাফ কলেজ কনভেনশন হলে এ সমাবর্তনে আরো বক্তব্য দেন অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কে এম মোহসীন, বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ডা. মুহম্মদ শহীদুল কাদির পাটোয়ারী, ভাইস-চেয়ারম্যান ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মাইনুল ইসলাম প্রমুখ।

সমাবর্তনে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের দুই হাজার ৪৮ জন শিক্ষার্থীকে ডিগ্রি দেওয়া হয়। এর মধ্যে ১০ জনকে চ্যান্সেলর অ্যাওয়ার্ড ও ১০ জনকে ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড প্রদান করা হয়।